

## Model Activity Task 2021 September

### Model Activity Task Part – 6 | Class- 8 | Geography

### মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | সেপ্টেম্বর

### অষ্টম শ্রেণী | ভূগোল | পার্ট -৬

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো:

১.১ ঠিক জোড়াটি নির্বাচন করো -

(ক) নিরক্ষীয় অঞ্চল - সূর্যের তির্যক রশ্মি

(খ) নিরক্ষীয় অঞ্চল - বায়ুর উচ্চচাপ

**(গ) মেরু অঞ্চল - বায়ুর উচ্চচাপ**

(ঘ) মেরু অঞ্চল - সূর্যের লম্ব রশ্মি

১.২ উত্তর আমেরিকার আলাস্কা যে জলবায়ুর অন্তর্গত তা হলো -

(ক) ক্রান্তীয় জলবায়ু

(খ) লরেন্সীয় জলবায়ু

(গ) ভূমধ্যসাগরীয় জলবায়ু

**(ঘ) তুন্দ্রা জলবায়ু**

১.৩ দক্ষিণ আমেরিকার লাপ্লাটা নদী অববাহিকায় অবস্থিত বিস্তীর্ণ তৃণভূমি হলো -

(ক) গ্রানচাকো

**(খ) পম্পাস**

(গ) ল্যানোস

(ঘ) সেলভা

২. বাক্যটি সত্য হলে 'ঠিক' এবং অসত্য হলে 'ভুল' লেখো:

২.১ রাত্রিবেলা স্থলভাগ থেকে সমুদ্রের দিকে সমুদ্রবায়ু প্রবাহিত হয়।

**উত্তর: ভুল**

২.২ আপেক্ষিক আর্দ্রতার সাথে উষ্ণতার সম্পর্ক ব্যস্তানুপাতিক।

## উত্তরঃ ঠিক

২.৩ জুলাই-আগস্ট মাসে আর্জেন্টিনা গ্রীষ্মকাল বিরাজ করে।

## উত্তরঃ ভুল

### ৩. সংক্ষিপ্ত উত্তর দাওঃ

#### ৩.১ সব মেঘ থেকে বৃষ্টি হয় না কেন?

উত্তরঃ বায়ুতে ভাসমান জলীয় বাষ্প ঘনীভবন প্রক্রিয়ায় সর্বপ্রথম জলকণায় পরিণত হয়। জলকণা যুক্ত হলে তা বৃষ্টিকণায় পরিণত হয়, যা ভূপৃষ্ঠে ঝরে পড়ে। কিন্তু সব মেঘ থেকে বৃষ্টি হয় না। তার কারণগুলি হল-

(i) জলকণার ব্যাস : সবসময় জলকণার ব্যাস 0.5 বা তার বেশি হয় না, ফলে সেগুলি অধঃক্ষিপ্ত হয় না।

(ii) স্বল্প আপেক্ষিক আর্দ্রতা : বায়ুর আপেক্ষিক আর্দ্রতা 100 % বা তার অধিক না হওয়া পর্যন্ত তার জলধারণ ক্ষমতা থাকে। তখন বৃষ্টিপাত হয় না।

(iii) জলকণার, সংযুক্তিকরণের অভাব : বায়ুতে মেঘগুলি বিক্ষিপ্তভাবে ভেসে থাকলে মেঘকণাগুলি সংযুক্ত হওয়ার সুযোগ পায় না। বড়ো জলকণায় পরিণত হয় না। এর উপর অভিকর্ষ টান থাকে না। ফলে বৃষ্টিপাত হওয়ার পরিস্থিতি তৈরি হয় না।

#### ৩.২ 'আমাজন অববাহিকার ক্রান্তীয় বৃষ্টিঅরণ্য দুর্গম প্রকৃতির' - ভৌগোলিক কারন ব্যাখ্যা করো।

উত্তরঃ আমাজন নদী অববাহিকা জুড়ে অবস্থিত এই অরণ্য পৃথিবীর বৃহত্তম ও নিবিড়তম ক্রান্তীয় বৃষ্টি অরণ্য। নিরক্ষরেখার উভয় পাশে বিশেষত আমাজন নদী অববাহিকায় অধিকাংশ স্থান জুরেই 'চিরহরিৎ বৃক্ষের বনভূমি' গড়ে ওঠার কারনগুলি হল-

i) এখানে সারাবছর প্রচুর উষ্ণতা ও বৃষ্টিপাত হয়। বার্ষিক গড় উষ্ণতা ২৫ °সে.- ২৭ °সে., বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ ২৫০ সেমি - ৩০০ সেমি। কোনো কোনো স্থানে প্রায় ১০০০ সেমিরও বেশি বৃষ্টিপাত হয়।

ii) প্রতিদিন বৃষ্টিপাতের ফলে এখানকার গাছগুলোর পাতা বড়ো ও শক্ত। গাছগুলো ঘন সন্নিবিষ্ট হওয়ায় অবণ্যের তলদেশে সূর্যের আলো পৌঁছাতে পারে না। যেন মনে হয় অবণ্যের ওপবটা চাঁদোয়ার মতো ঢাকা আছে। এই অরণ্যে বৃক্ষ শ্রেণির গাছের সাথে সাথে লতানো পরজীবী গাছ প্রচুর পরিমাণে জন্মায়।

iii) সূর্যের আলো পৌঁছাতে না পারায় এই অরণ্যের তলদেশ সত্যতস্যাতে প্রকৃতির। দুর্গম ও অপ্ৰবেশ্য সেলভা অরণ্যের এই পরিবেশে ফার্ন, ছত্রাক, শৈবাল ও বিভিন্ন ধরনের আগাছার সাথে সাথে বিষাক্ত অ্যানাকোনডা সাপ, ট্যারানটুলা মাকড়সা, মাছি, মাংসাশী পিঁপেড়, রক্তচোষা বাদুড়, জেঁক প্রভৃতি জীবজন্তু দেখা যায়।

ফলে এই অরণ্য মানুষের প্রবেশের পক্ষে দুঃসাধ্য ও দুর্গম প্রকৃতির হয়ে উঠেছে।

### ৪. চিত্রসহ শৈলোৎক্ষেপ বৃষ্টিপাত সৃষ্টির প্রক্রিয়াটি বর্ণনা করো।

উত্তরঃ জলীয়বাষ্পপূর্ণ আর্দ্রবায়ু ভূপৃষ্ঠের উপর দিয়ে প্রবাহিত হওয়ার সময় বায়ুপ্রবাহের গতিপথে উঁচু পাহাড়-পর্বত-মালভূমি থাকলে বায়ুপ্রবাহ সেখানে বাধা পায় এবং উঁচু পাহাড়-পর্বত-মালভূমির গা বেয়ে উপরে উঠে যায়। উপরের শীতল বায়ুর সংস্পর্শে সেই জলীয় বাষ্পপূর্ণ উষ্ণ বায়ু শীতল ও ঘনীভূত হয়ে পর্বত বা মালভূমির প্রতিবাত ঢালে বৃষ্টিপাত রূপে নেমে আসে। শৈলরাশির অবস্থিতির জন্য বৃষ্টিপাত সংঘটিত হওয়ার দরুন এই বৃষ্টিপাতকে শৈলোৎক্ষেপ বৃষ্টিপাত বলে।

জলীয়বাষ্প পূর্ণ আর্দ্রবায়ু ভূপৃষ্ঠের ওপর দিয়ে প্রবাহিত হওয়ার সময় যদি কোনো উঁচু পাহাড়, পর্বত বা মালভূমিতে বাধাপ্রাপ্ত হয় তবে –

- বায়ু পর্বত বা মালভূমির গা বেয়ে আরও ওপরে ওঠে এবং উচ্চতা বৃদ্ধির ফলে ক্রমশ শীতল হয়।
- পাহাড়ের উঁচু অংশ যদি বরফাবৃত থাকে তাহলে জলীয় বাষ্পপূর্ণ ওই বায়ু বরফের সংস্পর্শে এসে অথবা উঁচুতে ওঠার ফলে এমনিতেই আরো শীতল ও ঘনীভূত হয়ে পাহাড়ের প্রতিবাত ঢালে বা বায়ুমুখী ঢালে শৈলোৎক্ষেপ বৃষ্টিপাত ঘটায়।



শৈলোৎক্ষেপ বৃষ্টিপাত

সমাধান

www.somadhan.info